

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২ ৯৩-মহাখালী বা/এ, ঢাকা।
www.ddm.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৪.৯৮.৫০১.১৭-১৮-৩১

তারিখঃ ১২/০৭/২০১৮ খ্রিঃ

প্রেরকঃ প্রকল্প পরিচালক
হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্প।

প্রাপকঃ ১। উপজেলা নির্বাহী অফিসার,

উপজেলা:, জেলা:

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,

উপজেলা:, জেলা:

বিষয়: “গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ” প্রকল্পের কাজ সম্পন্ন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৫১.০১.০০০০.০২৪.৯৮.০০১.১৭-১০৮৩, তারিখের ১৯/০৪/২০১৮ খ্রি: নং স্মারকে হেরিং বোন বন্ড প্রকল্পের কাজ কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু প্রকল্প পরিদর্শন ও টেলিফোন সংবাদের মাধ্যমে জানা যায় যে, অতিরিক্ত বৃষ্টির কারণে কিছু উপজেলায় প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হয়নি। এ কারণে গত ৫১.০১.০০০০.০২৪.৯৮.০০১.১৭-১২৮৪, তারিখের ৩০/০৫/২০১৮ খ্রি: নং স্মারকে আপনার উপজেলায় তাগিদ পত্র প্রেরণ করা হয়।

বর্ণিত অবস্থায় আপনার উপজেলার কাজের গতিবৃদ্ধি করে বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি অনুযায়ী প্রকল্পের সমুদয় কাজ ১৫-০৯-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে সমাপ্ত করে আগামী ৩০/০৯/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে চূড়ান্ত বিল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। পরবর্তীতে বিল প্রাপ্তিতে কোনরূপ জটিলতায় নিম্ন স্বাক্ষরকারী দায়ী হবেন না।

বিষয়টি অতীব জরুরী।



(মো: ইউছুফ আলী)

যুগ্ম সচিব

প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ)

'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ' প্রকল্প।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

অনুলিপি:

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, জেলা।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, জেলা।
- ৬। সংরক্ষণ নথি।